

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭১৪

পানিসাগর, ৬ জুলাই, ২০২৪

দামছড়া ব্লকে সম্পূর্ণতা অভিযানের সূচনা

অ্যাসপিরেশনাল ব্লক হিসেবে ঘোষিত উত্তর ত্রিপুরা জেলার দামছড়া ব্লকে গতকাল এক অনুষ্ঠানে সম্পূর্ণতা অভিযান কর্মসূচির সূচনা হয়েছে। এ উপলক্ষে দামছড়া ব্লক কার্যালয় প্রাঙ্গনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সম্পূর্ণতা অভিযান কর্মসূচিতে এদিন ব্লক কার্যালয় প্রাঙ্গনে বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হয়। উল্লেখ্য, অ্যাসপিরেশনাল ব্লকগুলির সার্বিক বিকাশ ও উন্নত পরিকাঠামো গড়ে তুলতে গত ৪ জুলাই থেকে সম্পূর্ণতা অভিযানের সূচনা হয়েছে। এই অভিযানের লক্ষ্য হচ্ছে অ্যাসপিরেশনাল ব্লকগুলির পরিকাঠামো উন্নয়ন ও সার্বিক বিকাশে যে ৬ টি সূচক নির্ধারণ করা হয়েছে তাতে ১০০ শতাংশ সাফল্য অর্জন। এই অভিযান আগামী ৩০ সেপ্টেম্বর পর্যন্ত চলবে।

দামছড়া ব্লকে সম্পূর্ণতা অভিযানের উদ্বোধন করেন বিধায়ক বিনয় ভূষণ দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নীতি আয়োগের অধিকর্তা ড. অমৃত পাল কৌর, উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন, অতিরিক্ত জেলাশাসক সুভাষ চন্দ্র সাহা, নীতি আয়োগের আধিকারিক সিদ্ধার্থ বাগারিয়া প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামছড়া বিএসি'র চেয়ারম্যান উপেন্দ্র রিয়াং। স্বাগত বক্তব্য রাখেন দামছড়া ব্লকের বিডিও অনুপম চাকমা। অনুষ্ঠানে নীতি আয়োগের অধিকর্তা ড. অমৃত পাল কৌর বলেন, দেশের ৫০০টি অ্যাসপিরেশনাল ব্লক রয়েছে। এরমধ্যে উত্তর ত্রিপুরা জেলায় রয়েছে দশদা ও দামছড়া ব্লক। এই দুটি ব্লকের পরিকাঠামো উন্নয়ন ও আর্থ সামাজিক মান উন্নয়নে ৬টি সূচককে অগ্রাধিকার দিয়ে কর্মসূচি রূপায়ণে কাজ শুরু হয়েছে।

\*\*\*\*\*